

মেধা লালন প্রকল্পের ২০১৯ ব্যাচের প্রিয় সদস্যবৃন্দ,

ফাউন্ডেশনের পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি। আশা করি ভালো আছো। ফেব্রুয়ারী/মার্চ ২০২০ এ ঢাকায় তোমাদের ব্যাচের সকল সদস্যদের নিয়ে একটি অবহিতকরণ কর্মসূচি অনুষ্ঠিত হবার কথা ছিলো। কিন্তু বিশ্বব্যাপী করোনা মহামারীর কারণে সে অনুষ্ঠানটি করা সম্ভব হয়নি। ইতিমধ্যে তোমরা অনেকেই ফাউন্ডেশনে ফোন করে আর্থিক সংকটের কথা জানিয়েছো। তাই আপাতত জুলাই ২০২০ থেকে তোমাদের ঋণ চালু করা হলো। গত ২৫ নভেম্বর ২০২০ তোমাদের নিজ নিজ ঠিকানায় শিক্ষাঋণের ১ম কিস্তির চেক ডাকযোগে রেজিস্ট্রি করে পাঠানো হয়েছে। চেকটি ব্যাংকে জমা দিবে এবং চেকের সাথে পাঠানো মানি রিসিটটি পূরণ করে হলুদ খামে ভরে ফাউন্ডেশনে ফেরত পাঠাবে এবং লেখাপড়া সংক্রান্ত একটি প্রতিবেদন লিখে পাঠাবে। প্রতিবেদন কিভাবে লিখবে তার ফরম্যাট এই চেকের সাথে অন্য একটি কাগজে দেয়া হয়েছে। এর একটি নমুনা আমাদের ওয়েবসাইটেও দেওয়া হয়েছে। এছাড়া, অবশ্য পালনীয় কিছু নিয়মকানুনও এই চেকের সাথে তালাদা একটি কাগজে তোমাদেরকে পাঠানো হয়েছে। আশা করি প্রকল্পের নয়মকানুনগুলি তোমরা সুন্দরভাবে মেনে চলবে। কোন কিছু বুঝতে না পারলে অবশ্যই ০১৭২৭২০৯০৯৮ নম্বরে রবি-বৃহস্পতিবার সকাল ৯টা-বিকাল ৫টা ফোন করবে। যে কোন প্রয়োজনে আমাদেরকে ইমেইল করতে পারো। আমাদের ইমেইল এড্রেস : hdf.dhaka@gmail.com